

তারিখ: 16/06/2017

**আরবিআই নাগপুর মহারাষ্ট্রস্থিত নবোদয়া আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, -এর প্রতি জারি করা  
বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদবৃদ্ধি করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, নাগপুরস্থিত নবোদয়া আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, -এর প্রতি পূর্বে জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ আরও চার মাসের জন্য বৃদ্ধি করল। পর্যালোচনার সাপেক্ষে বিশেষ নিয়ন্ত্রণবিধিটি বর্তমানে অক্টোবর 15, 2017 পর্যন্ত বৈধ। ব্যাঙ্কটিকে ইতিপূর্বে মার্চ 16, 2017 থেকে জুন 15, 2017 পর্যন্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়।

ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস) -এর ধারা 35A -র উপধারা (1)-এর অধীনে রিজার্ভ ব্যাঙ্ক-এর উপর ন্যস্ত ক্ষমতাবলে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধি আরোপ করা হয়। বিশেষ নিয়ন্ত্রণবিধিটির একটি প্রতিলিপি আগ্রহী জনগণের দর্শনার্থে ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক বিশেষ নিয়ন্ত্রণ জারির অর্থ এই নয় যে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উক্ত ব্যাঙ্কটির ব্যাঙ্কিং লাইসেন্স বাতিল করা হলে উক্ত ব্যাঙ্কটি তার আর্থিক অবস্থার উন্নতি সাধন অবধি বিধিনিষেধের অধীনে ব্যাঙ্কিং ব্যবসাকার্য অব্যাহত রাখবে। পরিস্থিতির উপর নির্ভর করে রিজার্ভ ব্যাঙ্ক এই বিশেষ নিয়ন্ত্রণবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে।

**অনিরুধা ডি. জাদব**

সহায়ক প্রবন্ধক

প্রেস প্রকাশনি: 2016-2017/3403